গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
সাধারণ শাখা
www.khulna.gov.bd



স্মারক নম্বর : ০৫.৪৪.৪৭০০.০০০.০২২.১৬.০০০৮.২৬.৭৩৫

তারিখ : ০৭ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয় : ক্ষুদ্র, কুটির ও হস্তশিল্প খাতের বিকাশ, দেশীয় ঐতিহ্যবাহী শিল্প ও কারুশিল্পের সংরক্ষণ উদ্যোক্তা উন্নয়ন এবং স্থানীয়ভাবে উৎপাদিত পণ্যের প্রচার ও বাজার সম্প্রসারণের বিজ্ঞপ্তি প্রকাশ সংক্রান্ত।

সূত্র : বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর স্মারক নং-৩৬.০২.০০০০.০১৫.৯৯.০০৩.২৬.৫৬, তারিখ: ১৫ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ।

পত্রের ছায়ালিপি সংযুক্ত করা হলো। পত্রের মর্মানুযায়ী বিজ্ঞপ্তটি ব্যাপকভাবে প্রচারসহ যোগ্য কারুশিল্পীদের আবেদন দাখিলে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:
১.বিজ্ঞপ্তি
২. বিবেচ্য পত্র

২৪/১১/২৬
ইমরান হাসান
সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা।
২। সহকারী কমিশিনার, মিডিয়া সেল, খুলনা।
৩। উপমহাব্যবস্থাপক, বিসিক জেলা কার্যালয়, খুলনা।
৪। নির্বাহী কর্মকর্তা, জেলা মহিলা সংস্থা, খুলনা।
৫। সিনিয়র তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, খুলনা।
৬। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা।
৭। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

CamScanner

210019261122-032

উপ-পরিচালক, স্থানীয় সরকার	জরুরী / অতি জরুরী
	আপাততঃ কোন
অ জে প্র সার্বিক	পেশ করুন
অ জে প্র রাজস্ব	ব্যবস্থা নিন
অ জে প্র শিক্ষা ও আইসিটি	নথিজাত করুন
অ জে প্র এল এ	
অ জে প্র উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা	
অ জে ম্যাজিস্ট্রেট	
সহকারী কমিশনার গোপনীয়	

জেলা প্রশাসক
খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bscic.gov.bd

বেনজীর আহমেদ
চেয়ারম্যান
ফোন: ০২৪১০১০৫৫২
ই-মেইল: chairman@bscic.gov.bd

	অতি জরুরী
	জরুরী
	পেশ করুন
	ব্যবস্থা নিন
	নথিজাত করুন

আধা সরকারি পত্র নং: ৩৬.০২.০০০০.০১৫.৯৯.০০৩ ২৬০

তারিখ: ১৫-১১-২০২৬ খ্রিঃ

প্রিয় জেলা প্রশাসক,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, দেশের ক্ষুদ্র, কুটির ও হস্তশিল্প খাতের বিকাশ, দেশীয় ঐতিহ্যবাহী শিল্প ও কারুশিল্পের সংরক্ষণ, উদ্যোক্তা উন্নয়ন এবং স্থানীয়ভাবে উৎপাদিত পণ্যের প্রচার ও বাজার সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

এরই ধারাবাহিকতায় বিসিক কর্তৃক আগামী ২৯-৩১ ডিসেম্বর ২০২৬ তারিখে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র, ঢাকায় 'বিসিক শিল্পমেলা- এক জেলা, এক পণ্য, ২০২৬' এবং 'জাতীয় শ্রেষ্ঠ কারুশিল্পী পুরস্কার, ২০২৬' পুরস্কার প্রদান অনুষ্ঠান আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী উক্ত মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দেশের নির্বাচিত শ্রেষ্ঠ কারুশিল্পীদের মাঝে পুরস্কার প্রদান করবেন।

দেশের ঐতিহ্যবাহী কারুশিল্পের বিকাশে অসামান্য অবদান রাখা কারুশিল্পীদের যথাযথ স্বীকৃতি ও সম্মাননা প্রদানের লক্ষ্যে 'জাতীয় শ্রেষ্ঠ কারুশিল্পী পুরস্কার ২০২৬' নীতিমালা অনুসরণ করে ইতোমধ্যে জাতীয় শ্রেষ্ঠ কারুশিল্পী নির্বাচনের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এ প্রেক্ষিতে আপনার জেলার ঐতিহ্যবাহী ও সম্ভাবনাময় কারুশিল্পের সঙ্গে সম্পৃক্ত প্রকৃত, দক্ষ, সৃজনশীল ও অভিজ্ঞ কারুশিল্পীদের মধ্যে উক্ত বিজ্ঞপ্তির ব্যাপক প্রচার নিশ্চিত করা এবং যোগ্য কারুশিল্পীদের আবেদন করতে উৎসাহিত করার জন্য আপনার আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি। বিশেষ করে, প্রান্তিক পর্যায়ে কর্মরত, নারী ও তরুণ ক্ষুদ্র উদ্যোক্তা এবং বংশপরম্পরায় কারুশিল্পের সঙ্গে সম্পৃক্ত দক্ষ কারুশিল্পীরা যেন এ সুযোগ থেকে বঞ্চিত না হন, সে বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ জানাচ্ছি।

এ লক্ষ্যে আপনার জেলার সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা, বিসিক জেলা কার্যালয়, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, শিল্প ও বাণিজ্য সংশ্লিষ্ট সংগঠন এবং অন্যান্য অংশীজনের মাধ্যমে বিজ্ঞপ্তিটি ব্যাপকভাবে প্রচারসহ যোগ্য কারুশিল্পীদের আবেদন দাখিলে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করছি। একই সঙ্গে নির্বাচনী নীতিমালায় নির্ধারিত যোগ্যতা ও শর্তাবলি অনুসরণ করে আবেদন দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ রইল।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, আপনার সক্রিয় সহযোগিতায় দেশের বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে থাকা প্রতিভাবান ও ঐতিহ্যবাহী কারুশিল্পীরা জাতীয় পর্যায়ে স্বীকৃতি লাভের সুযোগ পাবেন। এর মাধ্যমে একদিকে যেমন আমাদের সমৃদ্ধ কারুশিল্প ঐতিহ্য সংরক্ষিত ও বিকশিত হবে, অন্যদিকে কর্মসংস্থান সৃষ্টি, নারী ও তরুণ উদ্যোক্তা উন্নয়ন এবং স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করার পথ আরও সুগম হবে।

বিষয়টির গুরুত্ব বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় সহযোগিতা ও কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

আপনার আন্তরিক সহযোগিতার জন্য ধন্যবাদ।

আন্তরিকভাবে আপনার

(বেনজীর আহমেদ)

জেলা প্রশাসক
খুলনা

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
নকশা কেন্দ্র
১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

জাতীয় শ্রেষ্ঠ কারুশিল্পী পুরস্কার ২০২৬

আবেদন আহ্বান

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর উদ্যোগে দেশের ঐতিহ্যবাহী হস্ত ও কারুশিল্পের প্রচার, প্রসার এবং বরেণ্য কারুশিল্পীদের জাতীয় পর্যায়ে স্বীকৃতি প্রদানের লক্ষ্যে আগামী ২৯ ডিসেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ বিভিন্ন ক্যাটাগরিতে মোট ১২ জন কারুশিল্পীকে 'জাতীয় শ্রেষ্ঠ কারুশিল্পী পুরস্কার ২০২৬' প্রদান করা হবে। বাংলাদেশের স্বকীয় ঐতিহ্যমন্ডিত ও মৌলিক কারুপণ্য প্রস্তুতকারী প্রকৃত কারুশিল্পীদের নিকট থেকে নির্ধারিত ফর্ম পূরণপূর্বক কারুপণ্য আহ্বান করা হচ্ছে।

পুরস্কারের শ্রেণিবিন্যাস

ক্র.ন.	শ্রেণি	পদকের নাম	সংখ্যা	পদক, সনদ ও আর্থিক সুবিধা (এককালীন)
০১	শ্রেষ্ঠ কারুশিল্পী	কারুরত্ন	(০১ টি)	১০০,০০০/- টাকার চেক/প্রাইজবন্ড, ক্রেস্ট ও সনদপত্র
০২	দক্ষ কারুশিল্পী	কারুগৌরব	(০৫ টি)	৫০,০০০/- টাকার চেক/প্রাইজবন্ড, ক্রেস্ট ও সনদপত্র
০৩	ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠী দক্ষ কারুশিল্পী	কারুকিরণ	(০২ টি)	৫০,০০০/- টাকার চেক/প্রাইজবন্ড, ক্রেস্ট ও সনদপত্র
০৪	দক্ষ নারী কারুশিল্পী	কারুজ্যোতি	(০২ টি)	৫০,০০০/- টাকার চেক/প্রাইজবন্ড, ক্রেস্ট ও সনদপত্র
০৫	তরুণ দক্ষ কারুশিল্পী	কারুপ্রতিভা	(০২ টি)	৫০,০০০/- টাকার চেক/প্রাইজবন্ড, ক্রেস্ট ও সনদপত্র

পদকের ক্ষেত্রসমূহ

জামদানী শাড়ী, মৃৎশিল্প, বস্ত্রছাপা, টাঙ্গাইল শাড়ী, খড়, পাতা ও ছোবড়া শিল্প, ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠীর কারুশিল্প, শঙ্খ ও ঝিনুক শিল্প, বাঁশবেত শিল্প, প্রাকৃতিক উপাদানে ভিন্ন মাত্রার কারুপণ্য, পুতুল শিল্প (কাপড় ও সংমিশ্রণ), কাঠজাত শিল্প/দারুশিল্প, চামড়াজাত শিল্প, গহণা (স্বর্ণ ও রূপা), গহণা (ধাতু, অধাতু, মিশ্র), শীতলপাটি, কাগজশিল্প, শতরঞ্জি, তাঁত শিল্প, পাটজাত শিল্প, নকশী কাঁথা, সূচী শিল্প, ধাতব শিল্প

কারুপণ্য জমা দেয়ার শেষ সময়
২৬ নভেম্বর ২০২৬

উক্ত তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফর্ম পূরণপূর্বক কারুপণ্য বিসিকের যেকোন জেলা কার্যালয় অথবা প্রধান নকশাবিদ, নকশা কেন্দ্র, ১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে। বিস্তারিত নির্দেশিকা ও আবেদন ফর্ম বিসিক এর ওয়েবসাইট (www.bscic.gov.bd) এ পাওয়া যাবে।

যোগাযোগ- ০২- ২২৩৩৮৩১১২, ০১৬৮২ ৭৯২ ৫৪৫

প্রধান নকশাবিদ
নকশা কেন্দ্র, বিসিক

CamScanner